



“ডেইরী উন্নয়ন গবেষণা প্রকল্প”

বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট

সাভার, ঢাকা।



নং- ৩৩.০৫.২৬৭২.১০৬.০৫.০১৫.২০.১১১৬

তারিখঃ ১২/১০/২০২০ খ্রিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট (BLRI), সাভার, ঢাকা কর্তৃক বাস্তবায়নাধীন “ডেইরী উন্নয়ন গবেষণা” শীর্ষক প্রকল্পে নিম্নে বর্ণিত পদে প্রকল্পের মেয়াদকালীন সময়ের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে “জাতীয় বেতন স্কেল-২০১৫” অনুযায়ী সাকুল্য বেতনে সরাসরি নিয়োগের নিমিত্তে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নির্ধারিত আবেদন ফরমে দরখাস্ত আহ্বান করা হচ্ছে।

ক্রমিক নং	পদের নাম ও জাতীয় বেতন গ্রেড	পদের সংখ্যা	বয়সসীমা	শিক্ষাগত যোগ্যতা
০১	প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (ডেইরী হার্ড হেলথ) বেতন গ্রেড-৪	১ (এক) টি	অনুর্ধ্ব ৪০ (চল্লিশ) বৎসর	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পশু চিকিৎসা বিজ্ঞান বিষয়ে পিএইচডিসহ পশু চিকিৎসা সংক্রান্ত গবেষণা প্রকল্প বাস্তবায়ন এবং উপাত্ত বিশ্লেষণ ও প্রতিবেদন তৈরীর প্রমাণসহ ০৭ বৎসরের চাকুরীর অভিজ্ঞতা থাকতে হবে; অথবা (খ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পশু চিকিৎসা বিজ্ঞান বিষয়ে এমএসসি ডিগ্রীসহ ১০ বৎসরের চাকুরীর অভিজ্ঞতা থাকতে হবে; (গ) শিক্ষা জীবনে সকল পরীক্ষায় কমপক্ষে দ্বিতীয় বিভাগ/শ্রেণি থাকতে হবে; (ঘ) স্বীকৃত জার্নালে ০৮ টি গবেষণামূলক প্রকাশনা থাকতে হবে।
০২	বৈজ্ঞানিক কর্মকর্তা (ডেইরী টেকনোলজি) বেতন গ্রেড-৯	১ (এক) টি	অনুর্ধ্ব ৩০ (ত্রিশ) বৎসর	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পশুপালন বিষয়ে বিএসসি (অর্নাস) ডিগ্রী; তবে ডেইরী বিজ্ঞান বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রীধারীদেরকে অগ্রাধিকার দেয়া হবে; (খ) শিক্ষা জীবনে সকল পরীক্ষায় কমপক্ষে দ্বিতীয় বিভাগ/শ্রেণি থাকতে হবে।
০৩	প্রশিক্ষণ কর্মকর্তা বেতন গ্রেড-৯	১ (এক) টি	অনুর্ধ্ব ৩০ (ত্রিশ) বৎসর	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পশুপালন বিষয়ে বিএসসি (অর্নাস)/কৃষি অর্থনীতি বিষয়ে বিএসসি (অর্নাস)/পশু চিকিৎসা বিজ্ঞান বিষয়ে ডিগ্রী; তবে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রীধারীদেরকে অগ্রাধিকার দেয়া হবে; (খ) শিক্ষা জীবনে সকল পরীক্ষায় কমপক্ষে দ্বিতীয় বিভাগ/শ্রেণি থাকতে হবে।
০৪	হিসাবরক্ষক বেতন গ্রেড-১৪	১ (এক) টি	অনুর্ধ্ব ৩০ (ত্রিশ) বৎসর	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বি.কম বা সমমানের পরীক্ষায় কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণিতে উত্তীর্ণ হতে হবে। সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।
০৫	ল্যাবরেটরী টেকনিশিয়ান বেতন গ্রেড-১৬	১ (এক) টি	অনুর্ধ্ব ৩০ (ত্রিশ) বৎসর	কোন স্বীকৃত বোর্ড হতে বিজ্ঞান বিভাগে ২য় শ্রেণির উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।

শর্তাবলীঃ

- আবেদনকারীকে সরকার নির্ধারিত সরকারি দপ্তরে শূন্যপদে নিয়োগের জন্য “চাকরির আবেদনের মডেল ফরম” A4 সাইজ কাগজে পূরণ পূর্বক প্রার্থীর স্বাক্ষর, (৫×৫) সে.মি. সাইজের সদ্য তোলা ৩ (তিন) কপি সত্যায়িত রঙিন ছবিসহ আগামী ০৫/১১/২০২০ খ্রিঃ তারিখের মধ্যে “প্রকল্প পরিচালক, ডেইরী উন্নয়ন গবেষণা প্রকল্প, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট (BLRI), সাভার, ঢাকা-১৩৪১” বরাবরে ডাকযোগে বা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে অথবা সরাসরি বা হাতে হাতে আবেদনপত্র অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌছাতে হবে। খামের উপরে পদের নাম অবশ্যই উল্লেখ করতে হবে। নির্ধারিত সময়ের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। আবেদনপত্রের নমুনা বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউটের ওয়েব সাইট www.blri.gov.bd এবং জন প্রশাসন মন্ত্রণালয়ের ওয়েব সাইট www.mopa.gov.bd এ পাওয়া যাবে।
- প্রার্থীর বয়সসীমা ০৫/১১/২০২০ খ্রিঃ তারিখে পদের বিজ্ঞপ্তিতে বর্ণিত বয়সসীমার মধ্যে হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এসএসসি/সমমানের সনদপত্রের মূল কপি মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে। প্রার্থীদের বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণ যোগ্য নয়।
- সকল শিক্ষাগত যোগ্যতার সনদের মূল কপি, জাতীয় পরিচয় পত্র, চারিত্রিক সনদ, স্ব স্ব এলাকার ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর হতে নাগরিকত্ব সনদ মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে।
- সরকারি/আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থায় চাকুরীরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- আবেদনপত্রের সাথে কোনো কাগজ পত্র দেয়ার প্রয়োজন নেই, তবে ১০ (দশ) টাকার ডাক টিকিট সঞ্চলিত নিজ ঠিকানা লিখিত ১০” x ৪.৫” সাইজের একটি ফেরত খাম প্রেরণ করতে হবে।
- বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট সহ এ জাতীয় সমাপ্ত প্রকল্পে চাকুরীর বাস্তব অভিজ্ঞতা ও প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।
- ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বা নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- বিজ্ঞপ্তিতে বর্ণিত যোগ্যতা ও অভিজ্ঞতা নেই এমন প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই। নির্বাচিত প্রার্থীকে বাংলাদেশের যে কোন স্থানে চাকুরি করতে ইচ্ছুক থাকতে হবে। নিয়োগ পরীক্ষায় উপস্থিত হওয়ার জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

(ড. মোঃ আবদুল জলিল)
প্রকল্প পরিচালক